**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এফ,ই সার্কুলার নং-১৩

তারিখ ঃ ২১ কার্তিক, ১৪১০ / ০৫ নভেম্বর, ২০০৩

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

**সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহের উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।**

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাইতেছে যে, সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহে উৎপাদিত এবং ১ জুলাই, ২০০৩ হইতে ৩০ জুন, ২০০৪ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ৫% হারে নগদ সহায়তা প্রদেয় হইবে ।

উক্ত নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১১/১৯৯৮ এর অন্যান্য সকল নির্দেশনা অনুসরণীয় হইবে । বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য পরামর্শ দেওয়া যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত

(খন্দকার খালিদুর রহমান)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫ ।